

২০১৯

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় সেমিস্টার

পত্র : CC-4

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদ-১ ('কাআ তরুণের পঞ্চ বি ডাল।') পদটির মর্মার্থ এবং কাব্যসৌন্দর্য বিচার করো। ১০
অথবা
(খ) 'দেশ দেখাচ্ছ অন্ধকারে' — এটি স্বদেশানুরাগের কবিতা। — আলোচনা করো। ১০
- ২। (ক) বিস্ময়বোধ এবং সৌন্দর্যরসবোধের সমন্বয়ে সৃষ্ট 'কপালকুণ্ডলা' চরিত্রের শিল্পসার্থকতা বিচার করো। ১০
অথবা
(খ) 'অভাগীর স্বর্গ' গল্পটির করুণ পরিণতির পিছনে যে সমাজসত্য রয়েছে তা উন্মোচন করো। ১০
- ৩। (ক) "ভদ্র অপেক্ষা ভদ্রেতর চরিত্র চিত্রণেই দীনবন্ধু অধিকতর দক্ষতা দেখিয়েছেন"। — অভিমতটি বিচার করো। ১০
অথবা
(খ) 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বই পড়ার সপক্ষে যে যুক্তি দিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০
- ৪। (ক) "সব লোকে কয়, লালন কি জাত সংসারে।" — কবিতাটি কালোত্তীর্ণ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৫
অথবা
(খ) "অবনী বাড়ি আছে?" কবিতায় কবির আহ্বান কার প্রতি এবং কেন তা লেখো। ৫
- ৫। (ক) "তুমি অধম — তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" — উৎস নির্দেশ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫
অথবা
(খ) "অন্দরের মধ্যে হট্টগোল শুনিয়া রায় বাহাদুর বুঝিলেন যুদ্ধ অনিবার্য।" — কার সঙ্গে যুদ্ধ? যুদ্ধের অনিবার্যতার কারণ নির্দেশ করো। ১+৪

Please Turn Over

৬। (ক) 'নীলদর্পণ' কী ধরনের নাটক? — উত্তরের সপক্ষে যুক্তিগুলি সূত্রাকারে লেখো।

৫

অথবা

(খ) "সুন্দর-অসুন্দর সম্বন্ধে শেষ কথা যদি কেউ বলতে পারে তো আমাদের নিজের-নিজের মন।" — 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধে অবলম্বনে এই উক্তির সারবত্তা সংক্ষেপে নিরূপণ করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) "হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোন্‌খানে" — অংশটির তাৎপর্য আলোচনা করো।

(খ) "প্রদীপ নিবিয়া গেল।" — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।" — অংশটি বুঝিয়ে লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) "সই কেবা শুনাইল শ্যাম নাম" — এটি কোন্‌ পর্যায়ের পদের অংশ?

(খ) "পর-ধন-লোভে মত্ত", — 'পর-ধন' কী?

(গ) 'কাণ্ডারী হুশিয়ার' — কবিতাটি কবির কোন্‌ মূল কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) "পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;" — এটি কোন্‌ কবিতার অংশ?

(ঙ) "আমার সন্ততি স্বপ্নে থাক।" — উক্তিটি 'বাবরের প্রার্থনা' কবিতায় কতবার ব্যবহৃত হয়েছে?

(চ) "পথিক, তুমি পথ হারাইয়াছ?" — কার উদ্দেশ্যে, কার উক্তি?

 $\frac{1}{2} + \frac{1}{2}$

(ছ) 'সাগর সঙ্গম' বলতে কী বোঝায়?

(জ) "সেই কেবল কাঁদিল না।" — সে কে?

(ঝ) লক্ষকর্ণ-এর লেখক পরশুরাম-এর প্রকৃত নাম কী?

(ঞ) "—আমিও তুলুম না ভাই—" — কার রচিত, কোন্‌ গল্পের অংশ?

(ট) 'নীলদর্পণ' নাটকে কোন্‌ গ্রামে নীলচাষের বিরোধিতার আওয়াজ ওঠে?

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'বাজেকথা' প্রবন্ধটি কবে লেখা হয়েছিল?

(ড) "মুই নেমোখ্যারামি কত্তি পারবো না" — উক্তিটি কার?

(ঢ) "তখনও আষাঢ়ের প্রথম দিন যথা নিয়মে আসিত।" — উক্তিটির দ্বারা কোন্‌ কবির, কোন্‌ কাব্য স্মরণে আসে?

 $\frac{1}{2} + \frac{1}{2}$

(ণ) "পুরুষের তা বুঝবার ক্ষমতা নাই।" পুরুষের কী বুঝবার ক্ষমতা নেই?